গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
উপজেলা সমবায় কার্যালয়, চাটখিল, নোয়াখালী
coop.chatkhil.noakhali.gov.bd

**স্মারক নম্বর:** ৪৭.৬১.৭৫১০.০০০.০০০.৩২.০০০২.২৫.১১৯

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬

**বিষয়: ২০২৫-২০২৬ খ্রি. সনের অডিট সম্পাদনের জন্য বার্ষিক হিসাব বিবরণী দাখিল প্রসঙ্গে।**
সূত্র: সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধনী ২০২০)এর ৫৭ বিধি মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপানাকে জানানো যাচ্ছে যে, সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ৫৭ বিধি মোতাবেক প্রত্যেক সমবায় সমিতি সমবায় বর্ষ (জুলাই-জুন) সমাপ্তির তারিখ হতে ৩০(ত্রিশ) দিনের মধ্যে নিম্নোক্ত হিসাব বিবরণী দাখিল নিশ্চিত করার বিধান রয়েছে। যেহেতু জুন মাস শেষ হলেই অডিটের প্রক্রিয়া শুরু হয় সেজন্য অডিট কর্মসূচীর জন্য অপেক্ষা না করে ১ জুলাই মাসের মধ্যে আর্থিক সকল হিসাব অডিটের জন্য প্রস্তুত করা আবশ্যক। তাই অডিট সমাপ্তির লক্ষ্যে জমা-খরচ, লাভ-ক্ষতি হিসাব বিবরণী, দেনা ও সম্পত্তির বিশদ বিবরণ, উদ্বৃত্তপত্র ও নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করে রাখা প্রয়োজন। এসব প্রস্তুত করা ও উপস্থাপন করা সমিতির ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব।
এমতাবস্থায় সুষ্ঠু ও সন্দুরভাবে অডিট সমাপ্তির লক্ষ্যে আগামী ৩০ জুলাই ২০২৬খ্রি. তারিখের মধ্যে আপনার সমবায় সমিতির চাহিত উপরিল্লিখিত বার্ষিক হিসাব বিবরণী ০২ (দুই) প্রস্ত উপজেলা সমবায় অফিসার, চাটখিল,নোয়াখালী বরাবরে দাখিল নিশ্চিত করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হ'ল।

বিষয়টি অতীব জরুরী

৩০-০৬-২০২৬
মিনু প্রভা ভৌমিক
উপজেলা সমবায় অফিসার
ফোন : ০২৩৩৪৪৯৫০৭৮
ইমেইল : uco.chatkhil.noakhali@coop.gov.bd

সভাপতি/সম্পাদক ........................................................................................ লিঃ
উপজেলাঃ চাটখিল,জেলাঃ নোয়াখালী।

**স্মারক নম্বর:** ৪৭.৬১.৭৫১০.০০০.০০০.৩২.০০০২.২৫.১১৯/১ (১)

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

জেলা সমবায় অফিসার,নোয়াখালী।

৩০-০৬-২০২৬
মিনু প্রভা ভৌমিক
উপজেলা সমবায় অফিসার